




ঢাকা বিশ্ববিদ্যালয় নিয়োগ বিজ্ঞপ্তি

বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ ২২,০০০-৫৩,০৬০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের নৃত্যকলা বিভাগ-এর ১(এক)টি শূন্য ডেমনস্ট্রেটর পদ পূরণের জন্য ৫০ (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। প্রার্থীকে সংগীত বিষয়ে অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রিধারী হইতে হইবে। প্রার্থীকে সংশ্লিষ্ট বিষয়ে শ্রেণিকক্ষে শিক্ষকের সহযোগী হিসাবে কাজ করা এবং সাউন্ড রেকর্ডিংসহ কম্পিউটারে যাবতীয় এডিটিং এর অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হইবে। প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩০ বৎসর হইতে হইবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় শ্রেণি/বিভাগ/সমমানের গ্রেড গ্রহণযোগ্য নয়।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্র, মার্কসিট/গ্রেডসিট এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত কপিসহ ৮(আট) প্রস্থ দরখাস্ত আগামী ২৪-০৮-২০১৭ তারিখের মধ্যে রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয় এর নিকট পৌঁছাইতে হইবে। চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে।


০৪/৭/১৭